

Parliamentary Delegation from Mongolia calls on the President

December 01, 2021

মঙ্গোলিয়া থেকে এক সংসদীয় প্রতিনিধিদলের রাষ্ট্রপতির সাথে সাক্ষাৎ

ডিসেম্বর 01, 2021

মঙ্গোলিয়ার গ্রেট হুরাল রাজ্যের চেয়ারম্যান হিজ এক্সেলেন্সি মিস্টার গম্বোজাভ যান্দানশাতার-এর নেতৃত্বে মঙ্গোলিয়া থেকে এক সংসদীয় প্রতিনিধিদল ভারতের রাষ্ট্রপতি শ্রী রামনাথ কোভিন্দ-এর সাথে আজ (ডিসেম্বর 01, 2021) রাষ্ট্রপতি ভবনে সাক্ষাৎ করেছেন। প্রতিনিধিদলকে ভারতে স্বাগত জানিয়ে রাষ্ট্রপতি বলেছেন যে ভারত মঙ্গোলিয়ার সাথে সভ্যতাগত, ঐতিহাসিক, আধ্যাত্মিক এবং সাংস্কৃতিক মৈত্রী বন্ধনকে ভাগ করে নেয়। গণতন্ত্র এবং স্বাধীনতার অভিন্ন আদর্শ এবং ভাবনা আমাদের বন্ধনকে শক্তিশালী করে। মঙ্গোলিয়ার 'তৃতীয় প্রতিবেশী' এবং 'আধ্যাত্মিক প্রতিবেশী' হিসেবে মঙ্গোলিয়ার সাথে এর কৌশলগত অংশীদারিত্বকে আরও গভীর করার জন্য ধারাবাহিক সহযোগিতার প্রতি ভারত উন্মুখ হয়ে আছে। এই সফর আমাদের দ্বিপাক্ষিক সম্পর্কে প্রাণোচ্ছলতা যোগ করবে বলে তিনি আস্থা প্রকাশ করেছেন। রাষ্ট্রপতি বলেছেন যে বুদ্ধের ভাবধারা হল ভারত এবং মঙ্গোলিয়ার মধ্যে একটি বিশেষ যোগসূত্র। তিনি উল্লেখ করেছেন যে, ভারতের জাতীয় পাণ্ডুলিপি মিশন ছাপানো মঙ্গোলিয়ান কানজুর পাণ্ডুলিপি গ্রহণ করেছে। তিনি এও বলেছেন যে, গান্ডান মনেন্স্ত্রীতে বৌদ্ধ পাণ্ডুলিপির ডিজিটাইজেশনের কাজে ভারত সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছে। বিশ্বব্যাপী জলবায়ু পরিবর্তনের বিষয়ে কথা বলতে গিয়ে রাষ্ট্রপতি বলেছেন যে, বিশেষত আমাদের মত বিকাশশীল দেশগুলিতে জলবায়ু পরিবর্তনের প্রভাব বেশী মাত্রায় পড়েছে। এই অভিন্ন চ্যালেঞ্জের মোকাবিলা করার জন্য আমাদের একসাথে কাজ করাটা অত্যাবশ্যিক। আন্তর্জাতিক সৌর জোটে মঙ্গোলিয়ার যোগদানের সিদ্ধান্তে তিনি তার খুশির কথা উল্লেখ করেছেন। মঙ্গোলিয়াতে ভারত দ্বারা গৃহীত বিকাশশীল প্রকল্পগুলির কথা বলতে গিয়ে রাষ্ট্রপতি মঙ্গোলিয়াতে তৈল পরিশোধন প্রকল্পে কাজের অগ্রগতি সম্পর্কে তার খুশি ব্যক্ত করেছেন। তিনি বলেছেন যে, এই প্রকল্পটি ভারত ও মঙ্গোলিয়ার মধ্য মজবুত সহযোগিতা এবং কৌশলগত অংশীদারিত্বের একটি চিহ্ন স্বরূপ। তিনি আরও বলেছেন যে, এটি সময়মত সম্পূর্ণ করার ক্ষেত্রে ভারত সম্পূর্ণ অঙ্গীকারবদ্ধ এবং এটি মঙ্গোলিয়ার শক্তি সুরক্ষাকে অনেক বেশী বৃদ্ধি করবে।

কোভিড-19 প্রতিবন্ধকতার মোকাবিলায় ভারত এবং মঙ্গোলিয়ার মধ্যে সহযোগিতার প্রতি দৃষ্টি আকর্ষণ করে রাষ্ট্রপতি বলেছেন যে, দ্বিতীয় ডেউ-এর সময় আমাদের মঙ্গোলিয়া সরকারের সময়োচিত এবং মূল্যবান সাহায্যের জন্য আমরা প্রশংসা জানাই। ভারত ভ্যাকসিন এবং ওষুধের মাধ্যমে মঙ্গোলিয়াকে সাহায্য করতে পারবে বলে তিনি তার খুশিও ব্যক্ত করেছেন।

নিউ দিল্লি

ডিসেম্বর 01, 2021

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.